

মাটির জীববৈচিত্র্য কী?

আপনি জানেন কি
মাটি একটি জীবন্ত উপাদান,
যা বিশ্বের ২৬ শতাংশ জীব
বৈচিত্র্যের আশ্রয়স্থল এবং
১ গ্রাম মাটিতে ৪০০০০ এর
ও বেশী জীব থাকে?

গাছ মাটিতে থাকা সমস্ত জীবের পরিচর্যা করে যার
পরিবর্তে তারা গাছ কে পুষ্টি এবং নিরাপত্তা দেয়।
মাটির এই বিভিন্ন জীবন্ত উপাদান মাটিকে স্বাস্থ্যবান
এবং উর্বর রাখে। এই বিশাল অংশই মাটির জীব
বৈচিত্র্য গঠন করে এবং **বিশ্বে প্রাণ সঞ্চারণকারী** প্রধান
জৈব রাসায়নিক প্রক্রিয়া কে নির্দেশ করে

গ্লোবাল সয়েল
বায়োডাইভার্সিটি এটলাস,
ইউরোপিয়ান কমিশন এর
মতে, মাটির জীব বৈচিত্র্য হলো
মাটিতে অবস্থিত সকল অণুজীব
থেকে দীর্ঘকায় জীব এবং
তাদের অন্তর্গত সমস্ত
কিছুর সমন্বিত রূপ।

চলুন মাটির
জীব বৈচিত্র্যের বিভিন্ন
ভূমিকা সম্পর্কে জেনে
নেয়া যাক

কিছু সাধারণ উপকরণ দ্বারা
মাটির জীব বৈচিত্র্যকে অধ্যয়ন করা যায়

ব্যাকটেরিয়া, ছত্রাক, অণুজীব (<০.১ মি.মি,
উদাহরণ: কৃমি) এবং মধ্যকৃতির জীব (০.১
থেকে ২ মি. মি., উদাহরণ: মাকড়) সমূহ কে
পৃথক এবং আলাদা করার জন্য বিশেষ পদ্ধতি
অবলম্বন করা হলেও দীর্ঘকায় জীব (> ২ মি. মি.,
উদাহরণ: কেঁচো) কে খুব সহজেই মাটির নমুনা
থেকে আলাদা করা যায়

মাটিতে অবস্থানকারী দৃশ্যমান জীব সমূহ
পর্যবেক্ষণ এবং মাটির বৈশিষ্ট্যভেদে
(উদাহরণ: বনভূমি বনাম চারণভূমি, কাঁদা
মাটি বনাম বালু মাটি) তাদের প্রভাব
প্রদর্শনের জন্য সাধারণ পদ্ধতি
দেখানো হলো

১
ক) মাটির উপরিপৃষ্ঠে একটি বর্গ অংকন করুন
(উদাহরণ: ২৫ সে.মি. x ২৫ সে.মি.)
খ) এই বর্গাকৃতির অংশ অনুমিত গভীরতায় খনন করুন
(উদাহরণ: ১০ সে.মি.) যাতে একটি মাটির ব্লক
পৃথক করা যায়
গ) মাটির এই ব্লক (২৫ সে.মি. x ২৫ সে.মি. x
১০ সে.মি.) কে সতর্কতার সাথে উত্তোলন
করুন এবং ট্রেতে রাখুন

ইউরোপিয়ান কমিশনের গ্লোবাল
সয়েল বায়োডাইভার্সিটি এটলাস
এর পরীক্ষণ

Thanks to the financial support of



Federal Ministry
of Food
and Agriculture

চলুন, আপনার
মাটির জীববৈচিত্র্য
এর দিকে নজর
দেয়া যাক

৪
যদি
প্রয়োজন হয়,
তবে পুরো প্রক্রিয়াটি
বিভিন্ন গভীরতায় পুনরাবৃত্তি করা
যায় (উদাহরণ: ১০ সে.মি. থেকে ২০
সে.মি.) এবং প্রতিটি গভীরতায় প্রাপ্ত
ফলাফল তুলনা করে মাটিতে
অবস্থিত জীবের বৈচিত্র্যতা
মূল্যায়ন করা যায়

মাটিতে অবস্থিত জীব সমূহের বৈচিত্র্যতা তাদের
আকার এবং আকৃতির দ্বারা সহজেই ধারণা করা
যায়। তবে তাদের প্রত্যেকের সংখ্যা এবং নমুনা
মাটির প্রকার এবং অবস্থান এর ভিন্নতার কারণে
আলাদা হতে পারে

৩
সবগুলো প্রাণীকে
আলাদা করার পর সাধারণ
মাইক্রোস্কোপ বা আতশ কাচ
ব্যবহার করে তাদের কে
পর্যবেক্ষণ এবং গণনা
করতে হবে

মাটির জৈব
পদার্থের সচন

মাটির অবয়ব গঠন
এবং তা রক্ষণাবেক্ষণ

জলবায়ু পরিবর্তন হ্রাস,
কার্বন সংরক্ষণ এবং
গ্যাসীয় পদার্থের বিনিময়

পুষ্টি চক্র চালনা
এবং ফসল
উৎপাদনশীলতা বৃদ্ধি

বালাই, পরজীবী
এবং রোগ নিয়ন্ত্রণ

মাটিকে বিষমুক্তকরণ,
বায়ু এবং পানি
বিশুদ্ধিকরণ

২
দস্তানা পরুন,
জীবন্ত যত প্রাণী
দৃশ্যমান হয় সবগুলোকে
সংগ্রহ করে পাত্রে রাখুন

